



৮ মে ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

ব্লাস্ট আয়োজিত সভায় আন্তর্জাতিক সাহসী নারী পুরস্কার প্রাপ্ত ঝালকাঠির সাহসী শারমিন আক্তার এর বাল্য বিয়ে প্রতিরোধের অভিজ্ঞতা বিনিময়

গত ৮ মে, ২০১৭ বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর সখি প্রকল্প কর্তৃক “বাল্য বিয়ে রোধ প্রসঙ্গে অভিজ্ঞতা বিনিময় সভা” আয়োজিত হয়। নিজের বাল্যবিবাহ প্রতিরোধ করে লেখাপড়ার পথে অটল থাকা ঝালকাঠির সাহসী শারমিন আক্তার সভায় তার বাল্য বিয়ে প্রতিরোধের অভিজ্ঞতা তুলে ধরে। উল্লেখ্য, এ বছর মার্কিন যুক্তরাষ্ট্রের ফার্স্ট লেডীর কাছ থেকে ‘সেক্রেটারি অব স্টেটস ইন্টারন্যাশনাল উইমেন অব কারেজ (আইডাব্লিউসি) ২০১৭’ পুরস্কার (আন্তর্জাতিক সাহসী নারী পুরস্কার) গ্রহণ করেন শারমিন।

সখি প্রকল্পের চেঞ্জমেকার, কমিউনিটি লিডার, সখি প্রকল্পের কর্মকর্তাদের উপস্থিতিতে শারমিন তার সাহসী পদক্ষেপের অভিজ্ঞতার বর্ণনা দিতে গিয়ে বলেন, “বিয়ে না করে লেখাপড়া চালিয়ে যেতে চেয়েছিলাম। কিন্তু পরিবারের ও পাত্র পক্ষের সীমাহীন চাপে বাধ্য হয়ে আমার বন্ধু ও সাংবাদিকদের সহযোগিতায় থানায় বাল্য বিয়ে বন্ধে মামলা করে নিজের বাল্য বিয়ে নিজেই প্রতিরোধ করি।”

সখি প্রকল্পের চেঞ্জমেকারদের বিভিন্ন প্রশ্নের উত্তরে শারমিন বাল্য বিয়ে প্রতিরোধে তাদের আরো সাহসী ভূমিকা গ্রহণের পরামর্শ দেয়। সভায় বক্তারা বলেন যে, ঢাকা শহরের বস্তিগুলোতে বাল্য বিবাহ প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করা হলেও পিতামাতা আর্থিক অনটন ও সচেতনতার অভাবে পরবর্তীতে অন্যত্র চলে গিয়ে শিশু কন্যাকে বিয়ে দিয়ে দেন।

সভায় অংশগ্রহণকারীগণ বাল্য বিবাহ প্রতিরোধ পরবর্তী সংক্ষুব্ধ ব্যক্তির জন্য কাউন্সেলিং সহ অন্যান্য সেবা প্রদান, বাল্য বিয়ে প্রতিরোধে কিশোরীদের নিজ উদ্যোগে সাহসী ভূমিকা গ্রহণ ও আইন প্রয়োগকারী সংস্থার মাধ্যমে অধিকার আদায়ের উপর গুরুত্ব আরোপ করেন।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ইমেইল: mahbuba@blast.org.bd